50

দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৩

## জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিভ্রান্তিমূলক প্রশ্নপত্র

২৯ জানুয়ারি '৯৩ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এই প্রথমবারের মতো ডিগ্রী পাস পরীক্ষা ১৯৯৩ অনুষ্ঠিত হচ্ছে। প্রথম দিনের প্রথম পরীক্ষাতেই 'বাংলা' (জাতীয় ভাষা)-এর প্রশ্নপত্রের ১০নং প্রশ্নটি ছিল বিভ্রান্তিমূলক। প্রশ্নে চাওয়া হয়েছে, "নিম্নলিখিত শব্দগুলির নিম্নরেখ অংশের বানানের নিয়ম লেখ (পাঁচটি)"। কিন্তু নিম্নে উল্লেখিত শব্দগুলোর নিম্নে রেখা দেয়া হয়নি। ফলে পরীক্ষার্থীরা উক্ত প্রশ্নের উত্তর লিখতে গিয়ে বিভ্রান্তির মধ্যে পড়েছে। হতে পারে এটা মুদ্রণ প্রমাদ। তাই বলে কি কর্তৃপক্ষ মুদ্রণ প্রমাদের ওপর দায় চাপিয়ে দিয়ে বিষয়টি এড়িয়ে যেতে পারেন?

পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা হলের একটি মিনিট অনেক মূল্যবান। এহেন বিভ্রান্তিকর প্রশ্নে নিশ্চয়ই তাদের সুস্থ চিন্তার ওপর ব্যাঘাত সৃষ্টি হয়েছে। উক্ত প্রশ্নের ওপর নির্ধারিত ৫ নম্বর সম্পূর্ণ পরীক্ষার্থীদের দিয়ে দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে সুপারিশ করছি।

**বেনী মাধব সরকার**
প্রভাষক
সিঙ্গাইর ডিগ্রী কলেজ
সিঙ্গাইর, মানিকগঞ্জ